

আয-যারিয়াত | Adh-Dhariyat | الذَّارِيَّات

আয়াতঃ ৫১ : ৫৯

আরবি মূল আয়াত:

فَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا ذُنُوبًا مِّثْلَ ذُنُوبِ أَصْحَابِهِمْ فَلَا يَسْتَعْجِلُونَ ﴿٥٩﴾

অনুবাদসমূহ:

যারা যুলম করেছে তাদের জন্য রয়েছে তাদের সমমনাদের অনুরূপ আযাব; সুতরাং তারা যেন আমার কাছে (আযাবের) তাড়াহুড়া না করে। — আল-বায়ান

কাজেই যারা যুলম করেছে তাদের প্রাপ্য তাই যে প্রাপ্য পূর্বে ছিল তাদের মত লোকেদের; কাজেই (নিজেদের প্রাপ্য পাওয়ার জন্য) তারা যেন তাড়াহুড়া না করে। — তাইসিরুল

যালিমদের প্রাপ্য ওটাই যা অতীতে তাদের সম মতাবলস্বীরা ভোগ করেছে। সুতরাং তারা এর জন্য আমার নিকট যেন ত্বর না করে। — মুজিবুর রহমান

And indeed, for those who have wronged is a portion [of punishment] like the portion of their predecessors, so let them not impatiently urge Me. — Sahih International

৫৯. সুতরাং যারা যুলুম করেছে তাদের জন্য রয়েছে তাদের সমমতাবলস্বীদের অনুরূপ প্রাপ্য (শাস্তি)। কাজেই তারা এটার জন্য আমার কাছে যেন তাড়াহুড়ো না করে। (১)

(১) ذُنُوب শব্দের আসল অর্থ কুয়া থেকে পানি তোলার বড় বালতি। জনগণের সুবিধার্থে জনপদের সাধারণ কুয়াগুলোতে পানি তোলার পালা নির্ধারণ করা হয়। প্রত্যেকেই নিজ নিজ পালা অনুযায়ী পানি তোলে। তাই এখানে ذُنُوب শব্দের অর্থ করা হয়েছে প্রাপ্য অংশ বা পালা। [কুরতুবী]

তাকসীয়ে জাকারিয়া

(৫৯) সীমালংঘনকারীদের (প্রাপ্য) অংশ[১] ওটাই যা অতীতে তাদের সমমতাবলস্বীরা ভোগ করেছে। সুতরাং তারা যেন আমার নিকট তাড়াহুড়া না করে। [২]

[১] ذُنُوب এর অর্থ, ভরা বালতি। কুয়া থেকে পানি তুলে বটন করা হয় এই দিক দিয়ে এখানে বালতিকে অংশের অর্থে ব্যবহার করা হয়েছে। অর্থ হল, অত্যাচারীদের প্রাপ্য শাস্তির অংশ আছে। যেমন, ইতিপূর্বে কুফরী ও শিরককারীদেরকে তাদের শাস্তির অংশ পেতে হয়েছে।

[২] তবে শাস্তির এই অংশ তারা কখন পাবে, তা নির্ভর করে আল্লাহর ইচ্ছার উপর। সুতরাং শাস্তি চাওয়ার

ব্যাপারে তারা যেন তাড়াহুড়ো না করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4734>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন